

মজিদ জরিলা ফাউন্ডেশন স্কুল এন্ড কলেজ, শরীয়তপুর

২০২০ সালের ১০ম শ্রেণির অনলাইন PPT পরীক্ষার সময়সূচী :

পরীক্ষা শুরু : সকাল ১০.০০ টা

তারিখ	দিন	ব্যবসায় শিক্ষা বিভাগ	মানবিক বিভাগ	বিজ্ঞান বিভাগ
০১/০৭/২০২০খ্রি.	বুধবার	ইংরেজি ১ম পত্র	ইংরেজি ১ম পত্র	ইংরেজি ১ম পত্র
০৪/০৭/২০২০খ্রি.	শনিবার	গণিত	গণিত	গণিত
০৬/০৭/২০২০খ্রি.	সোমবার	ফিন্যান্স ও ব্যাংকিং	বাংলাদেশের ইতিহাস ও বিশ্ব সভ্যতা	বাংলাদেশ ও বিশ্ব পরিচয়
০৮/০৭/২০২০খ্রি.	বুধবার	বাংলা ১ম পত্র	বাংলা ১ম পত্র	বাংলা ১ম পত্র
০৯/০৭/২০২০খ্রি.	বৃহস্পতিবার	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
১১/০৭/২০২০খ্রি.	শনিবার	ইংরেজি ২য় পত্র	ইংরেজি ২য় পত্র	ইংরেজি ২য় পত্র
১৩/০৭/২০২০খ্রি.	সোমবার	বাংলা ২য় পত্র	বাংলা ২য় পত্র	বাংলা ২য় পত্র
১৫/০৭/২০২০খ্রি.	বুধবার	হিসাব বিজ্ঞান	ভূগোল ও পরিবেশ	রসায়ন
১৮/০৭/২০২০খ্রি.	শনিবার	সাধারণ বিজ্ঞান	সাধারণ বিজ্ঞান	পদার্থবিজ্ঞান
২০/০৭/২০২০খ্রি.	সোমবার	ব্যবসায় উদ্যোগ	অর্থনীতি	উচ্চতর গণিত
২২/০৭/২০২০খ্রি.	বুধবার	ধর্ম ও নৈতিক শিক্ষা	ধর্ম ও নৈতিক শিক্ষা	ধর্ম ও নৈতিক শিক্ষা
২৫/০৭/২০২০খ্রি.	শনিবার	কৃষি শিক্ষা	কৃষি শিক্ষা	জীব বিজ্ঞান

নির্দেশনা :

- ১) পরীক্ষার শুরুর ৩০ মিনিট পূর্বে সম্মানিত অভিভাবকগণ www.mjfsc.edu.bd ওয়েবসাইটে প্রবেশ করে Question Bank → Login → Student ID ও Password দিয়ে নিজ নিজ শ্রেণি ও বিষয়ের প্রশ্নপত্র ডাউনলোড করতে পারবেন। উল্লেখ্য, প্রশ্নপত্র ডাউনলোড করার পূর্বে উক্ত শিক্ষার্থীকে অবশ্যই রেজিস্ট্রেশন করতে হবে। [রেজিস্ট্রেশন করার নিয়ম: www.mjfsc.edu.bd ওয়েবসাইটে প্রবেশ করে Question Bank → Registration → নির্ধারিত তথ্যসমূহ পূরণ করে Submit করতে হবে।]
- ২) সম্মানিত অভিভাবকগণ তাঁর সন্তানের পরিদর্শকের দায়িত্ব পালন করবেন। পরীক্ষা গ্রহণ শেষ হলে উত্তরপত্র নিজের আলমারি/ নিরাপদ জায়গায় গোপনীয়তার সাথে রেখে দিবেন। উল্লেখ্য, প্রয়োজনে অভিভাবকগণ পরীক্ষার সময় পরিবর্তন করতে পারবেন তবে নির্ধারিত দিনেই নিতে হবে।
- ৩) সকল পরীক্ষা সমাপ্ত হওয়ার পর ২৮/০৭/২০২০ খ্রি. সকাল ১০:০০ টায় নির্ধারিত রুটে কলেজ বাস যাবে। সম্মানিত অভিভাবকগণ নিজ দায়িত্বে সংরক্ষিত পরীক্ষার সকল বিষয়ের উত্তরপত্র দায়িত্বরত শিক্ষক/কর্মচারীর নিকট জমা দিবেন।
- ৪) আগামী ৮/০৮/২০২০ খ্রি. হতে PPT পরীক্ষা পরবর্তি অনলাইন শ্রেণি পাঠদান যথারীতি চলবে।
- ৫) PPT পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ পরবর্তিতে জানানো হবে।

বি.দ্র. পরীক্ষা সংক্রান্ত কোনো প্রয়োজনে নিজ নিজ CI/JCI/SAT এর সাথে যোগাযোগ করতে বলা হলো।

সম্মানিত অভিভাবকগণের উদ্দেশ্যে অধ্যক্ষের বিশেষ অনুরোধ,

মহামারী করোনার প্রাদুর্ভাবে সারাদেশে সকল শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ রয়েছে। এ সংকটকালীন সময়ে শিক্ষার্থীদের লেখাপড়া চালু রাখার জন্য ইতোমধ্যে আমরা অনলাইন ক্লাসের কার্যক্রম চালু করেছি। বেশ কিছুদিন অনলাইনে ক্লাস হয়েছে। অনেক অভিভাবক ফোনে শিক্ষার্থীদের পরীক্ষা নেওয়ার ব্যাপারে অনুরোধ করেছেন। সকল দিক বিবেচনা করে আমরা আগামী মাসে অনলাইনে(কলেজের নির্ধারিত ওয়েবসাইটে) প্রশ্ন দিয়ে শিক্ষার্থীদের পরীক্ষা গ্রহণের পরিকল্পনা করেছি। আশা করি এ উদ্যোগ শিক্ষার্থীদের পড়াশুনায় গতি আনবে। প্রিয় অভিভাবকগণ, আপনারা ইতোমধ্যে অবগত আছেন, মজিদ জরিলা ফাউন্ডেশনের পরিচালনায় মজিদ জরিলা ফাউন্ডেশন স্কুল এন্ড কলেজ শিক্ষার্থীদের বেতন নির্ভর সম্পূর্ণ বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান। শিক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত অর্থ ও ফাউন্ডেশনের অর্থায়নে অত্র প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের বেতন প্রদান করা হয়। দীর্ঘদিন প্রতিষ্ঠানে শিক্ষার্থী ও অভিভাবকগণ না আসতে পারায়, অনেকের ৫/৬ মাসের বেতন বকেয়া রয়েছে। বর্তমানে প্রশাসনিকভাবে আর্থিক সমস্যা সমাধানে আপনাদের সহযোগিতা একান্ত প্রয়োজন। অভিভাবকগণের প্রতি অনুরোধ থাকবে এ সংকটকালীন সময়ে আপনার সন্তানের সকল প্রকারের বকেয়া বেতন পরিশোধ করে কলেজকে সহযোগিতা করুন। নিজ সন্তানের নিরাপত্তা ও সুস্বাস্থ্য নিশ্চিতকরণে সতর্ক থাকুন। সকলে সমাজিক দূরত্ব মেনে চলুন, সুস্থ থাকুন।



২৪/০৬/২০২০ খ্রি.
অধ্যক্ষ